# শেখ হাসিনাসহ তিনজনের বিরুদ্ধে ট্রাইব্যুনালে সাক্ষ্য দিতে নাহিদ ইসলাম



সংগৃহীত ছবি

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে আজ মঙ্গলবার (১৬ সেপ্টেম্বর) হাজির হয়েছেন জাতীয় নাগরিক পার্টির আহ্বায়ক নাহিদ ইসলাম। শেখ হাসিনা ও আসাদুজ্জামান খান কামালসহ তিনজনের বিরুদ্ধে তিনি সাক্ষ্য দেবেন। এর আগে 'আমার দেশ' সম্পাদক মাহমুদুর রহমানের অবশিষ্ট সাক্ষ্য ও জেরা সম্পন্ন হবে

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে চলমান মামলায় নতুন সাক্ষী হিসেবে হাজির হয়েছেন জাতীয় নাগরিক পার্টির আহ্বায়ক নাহিদ ইসলাম। মঙ্গলবার (১৬ সেপ্টেম্বর) দুপুর ২টার দিকে তিনি ট্রাইব্যুনালে উপস্থিত হন বলে জানিয়েছেন প্রসিকিউশন।

বিচার কার্যক্রমের শুরুতে দৈনিক আমার দেশ পত্রিকার সম্পাদক মাহমুদুর রহমানের অসমাপ্ত সাক্ষ্যগ্রহণ সম্পন্ন করা হয়। এরপর তাকে জেরা করেন শেখ হাসিনা ও আসাদুজ্জামান খান কামালের পক্ষে রাষ্ট্রনিযুক্ত আইনজীবী মো. আমির হোসেন। জেরা শেষে নাহিদ ইসলামের জবানবন্দি গ্রহণ শুরু হবে।

এর আগে সোমবার (১৫ সেপ্টেম্বর) সকাল থেকে বিকেল পর্যন্ত দীর্ঘ শুনানি চলে। তবে সাক্ষ্যগ্রহণ শেষ না হওয়ায় ট্রাইব্যুনাল আজকের দিন ধার্য করেন।

গত ৯ সেপ্টেম্বর এ মামলার ১৪তম দিনের শুনানিতে ছয়জন সাক্ষ্য দেন। এখন পর্যন্ত মোট ৪৬ জনের সাক্ষ্য রেকর্ড করা হয়েছে। এর মধ্যে ৮ সেপ্টেম্বর তিনজন সাক্ষ্য দেন।

এ ছাড়া ২ সেপ্টেম্বর সাবেক আইজিপি চৌধুরী আবদুল্লাহ আল-মামুন রাজসাক্ষী হিসেবে আদালতে হাজির হন। শেখ হাসিনা ও আসাদুজ্জামান খান কামালের নির্দেশে ১৯৭১ সালের জুলাই-আগস্টে গণহত্যা সংঘটিত হয়েছিল বলে তিনি আদালতে স্বীকার করেন এবং ক্ষমা চান। তার জেরা শেষ হয় ৪ সেপ্টেম্বর।

১ সেপ্টেম্বর অনুষ্ঠিত দশম দিনের শুনানিতে ছয়জন সাক্ষ্য দেন। এদের মধ্যে চিকিৎসক, সাংবাদিক ও প্রত্যক্ষদর্শী সাক্ষীও ছিলেন।